# সুনান আন-নাসায়ী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ৪৬০ [আন্তর্জাতিক নাম্বারঃ ৪৬১]

পর্ব-৫: সালাত প্রসঙ্গ (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৫: পাঁচ ওয়াক্ত সালাতের উপর বায়আত গ্রহণ করা জরুরী

## باب البيعة على الصلوات الخمس

আরবী

أَخْبَرَنَا عَمْرُو بْنُ مَنْصُورٍ، قال: حَدَّثَنَا أَبُو مُسْهِرٍ، قال: حَدَّثَنَا سَعِيدُ بْنُ عَبْدِ الْعَزِيزِ، عَنْ رَبِيعَةَ بْنِ يَزِيدَ، عَنْ أَبِي إِدْرِيسَ الْخَوْلَانِيِّ، عَنْ أَبِي مُسْلِمٍ الْخَوْلَانِيِّ، قال: أَخْبَرَنِي الْحَبِيبُ الْأَمِينُ عَوْفُ بْنُ مَالِكٍ الْأَشْجَعِيُّ، قال: كُنَّا عِنْدَ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ، فَقَالَ: أَلَا تُبَايِعُونَ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ؟ فَرَدَّدَهَا ثَلَاثَ مَرَّاتٍ، فَقَدَّمْنَا أَيْدِيَنَا فَبَايَعْنَاهُ، فَقُلْنَا: يَا رَسُولَ اللَّهِ، قَدْ بَايَعْنَاكَ، فَعَلَامَ ؟ قَالَ: عَلَى أَنْ تَعْبُدُوا اللَّهَ وَلَا تُشْرِكُوا بِهِ شَيْئًا وَالصَّلَوَاتِ الْخَمْسِ، وَأَسَرَّ كَلِمَةً خَفِيَّةً أَنْ لَا تَسْأَلُوا النَّاسَ شَيْئًا .

تخريج دارالدعوه: صحيح مسلم/الزكاة ٣٥ (١٠٤٣) مطولاً، سنن ابی داود/الزكاة ٢٧ (١٦٤٢) مطولاً، سنن ابن ماجہ/الجہاد ٤١ (٢٨٦٧) مطولاً، (تحفة الأشراف: ١٠٩١٩) (صحيح)

صحيح وضعيف سنن النسائي الألباني: حديث نمبر 461 - صحيح

বাংলা

৪৬০. ’আমর ইবনু মানসূর (রহ.) ..... ’আওফ ইবনু মালিক আল আশজা’ঈ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, আমরা রাসূলুল্লাহ (সা.)-এর নিকটে ছিলাম। তিনি বললেন, তোমরা কি আল্লাহর রসূলের কাছে বায়’আত হবে না? এ কথাটি তিনি তিনবার বললেন, আমরা হাত বাড়িয়ে দিলাম এবং তাঁর নিকটে বায়’আত হলাম। তারপর আমরা বললাম, হে আল্লাহর রসূল! আমরা তো পূর্বেই আপনার নিকটে বায়’আত হয়েছি, তবে এ বায়’আত কোন্ বিষয়ের উপর? তিনি (সা.) বললেন, এ বায়’আত হলো এ কথার উপরে যে, তোমরা আল্লাহর ইবাদাত করবে এবং তার সাথে কাউকে শরীক করবে না। পাঁচ ওয়াক্ত সালাত আদায় করবে। তারপর আস্তে করে বললেন, মানুষের কাছে

কিছু চাইবে না।

## English

5. Making A Pledge To Offer The Five Daily Prayers

Awf bin Malik Al-Ashja'i said: We were with the Messenger of Allah (ﷺ) and he said: 'Will you not pledge to the Messenger of Allah (ﷺ)?' And he repeated it three times. So we stretched forth our hands to give our pledge. We said: 'O Messenger of Allah, we are willing to give you our pledge, but on what?' He said: 'That you will worship Allah and not associate anything with him, and (offer) the five daily prayers.' And he said, very quietly: 'And you will not ask the people for anything.'

### ফুটনোট

সহীহ: মুসলিম ১০৪৩, আবূ দাউদ ১৬৪২, ইবনু মাজাহ ২৮৬৭।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ আউফ ইবনু মালিক (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=86733

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন